দৈনিক
ইনকিলাব

6 MAR 2003

চাপের মুখে পিএসসি

# বিসিএস পরীক্ষার প্রশ্ন ফাঁস নিয়ে তদন্ত কমিটি গঠনের উদ্যোগ

স্টাফ রিপোর্টার ঃ প্রশ্নপত্র ফাঁসের কারণে বাতিল হয়ে যাওয়া ২৪তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা সম্পর্কে অবশেষে পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) তদন্ত কমিটি গঠনের উদ্যোগ নিয়েছে। গতকাল পর্যন্ত এ ব্যাপারে ব্যাপক আলোচনা সমালোচনা এবং পিএসসি'র বৈঠকে তুমুল বাকবিতণ্ডা হলেও কোন তদন্ত কমিটি গঠন হয়নি। তবে পিএসসি'র চেয়ারম্যান প্রফেসর জিনাতুন্নেসা তাহমিদা বেগম চাইছেন আওয়ামীপন্থী কোন সদস্যকে তদন্ত কমিটির চেয়ারম্যান করতে, যাতে প্রশ্নপত্র ফাঁসের মূল কাহিনী এবং আসল হোতারা ধরা না পড়ে। কিন্তু বর্তমান সরকারের আমলে নিয়োগকৃত সদস্যরা এর বিরোধিতা করায় তদন্ত কমিটি গঠন চূড়ান্ত হতে পারছে না। এ অবস্থায় পিএসসি'র আভ্যন্তরীণ তদন্ত কমিটি গঠনের চেয়ে

২-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

**বিসিএস পরীক্ষা** প্রথম পৃষ্ঠার পর

বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন অধিক যুক্তিযুক্ত বলে প্রশাসনিক কর্মকর্তারা মত প্রকাশ করেছেন এবং সাধারণ পরীক্ষার্থী ও অভিভাবকদের দাবীও তাই।

গতকাল অনুষ্ঠিত পিএসসি'র বৈঠকে প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে অব্যাহত লেখালেখির জন্য দৈনিক ইনকিলাবসহ বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকার প্রতি তীব্র বিষোদগার করা হয়। এদিকে, পিএসসি এখনো ২৪তম বিসিএস প্রিলিমিনারির নতুন তারিখ নির্ধারণ করতে পারেনি এবং ২৪তম বিসিএস পরীক্ষা কমিটির বিতর্কিত চেয়ারম্যানকেও (সদস্য ইয়াহিয়া মোল্লা) পরিবর্তন করা হয়নি। অপরদিকে, তদন্ত কমিটি গঠনের ব্যাপারে পিএসসি নানা টালবাহানায় দীর্ঘসূত্রতা অবলম্বন করতে চাইছে, যাতে দেরি হলে সবাই বিষয়টি ভুলে যায়। কিন্তু দ্রুত তদন্ত কমিটি গঠনের জন্য সরকারের উচ্চ পর্যায় থেকেই দ্রুত চাপ দেয়া হচ্ছে। জানা গেছে, পিএসসি'র গতকালের সভায় রমনা থানা থেকে সংগ্রহ করা ফাঁস হওয়া প্রশ্নপত্রের হাতে লেখা কপিটি একপর্যায়ে ছিঁড়ে ফেলারও সিদ্ধান্ত নেয়া হয়েছিল, যাতে কোন ডকুমেন্ট না থাকে। কিন্তু সমালোচনার ভয়ে পরে ঐ মত পরিবর্তন করা হয়।

উল্লেখ্য, বর্তমানে পিএসসি'র ১১ জন সদস্যের মধ্যে ৬ জনই আওয়ামী লীগ সরকারের আমলে নিয়োগকৃত দলীয় আস্থাভাজন ব্যক্তি। এছাড়া জনতার মঞ্চেরও কিছু শীর্ষস্থানীয় কর্মকর্তা রয়েছেন।